**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 17.04.25** **Desk in Charge : SDG**
**Time : 7-50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ মুর্শিদাবাদের সামসেরগঞ্জ ও জঙ্গিপুরের পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে বলে পুলিশ জানিয়েছে। অশান্তি ও হিংসার ঘটনায় জড়িত থাকায় এপর্যন্ত ২৭৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। # রাজ্যপাল আগামীকাল মুর্শিদাবাদ যাচ্ছেন।

# মুর্শিদাবাদের জঙ্গীপুর পুলিশ জেলার সুতি, ও সামশেরগঞ্জ থানার দুই আইসি-কেই সরিয়ে দিল রাজ্য সরকার।

২/ সুপ্রিম কোর্টে প্রায় ২৬ হাজার চাকরী বাতিল মামলায় যাদের বিরুদ্ধে অভিযোগ নেই, সেইসব শিক্ষকরা আপাতত ৩১শে ডিসেম্বর পর্যন্ত স্কুলে যেতে পারবেন।

# শীর্ষ আদালত ৩১শে মে-র মধ্যে নিয়োগের বিজ্ঞাপন প্রকাশের নির্দেশ দিয়েছে।

# চাকরীহারাদের সমস্যার সমাধান চলতি বছরের মধ্যেই আইন মেনে করা হবে বলে রাজ্য সরকার জানিয়েছে।

৩/ শিল্প ও ঘরোয়া ক্ষেত্রে বিদ্যুতের চাহিদা সামাল দিতে রাজ্য সরকার, উতপাদন বৃদ্ধির দিকে নজর দিচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৪/ মালদার কালিয়াচক থানার দিলুটোলা এলাকায় বোমা বিস্ফোরণে পাঁচ শিশু জখম। দু'জনের অবস্থা আশঙ্কাজনক।

৫/ কলকাতার সৌরভ কোঠারি IBS-এ বিশ্ব বিলিয়ার্ড খেতাব জয় করেছেন।

*******************************************************************

মুর্শিদাবাদের সামসেরগঞ্জ ও জঙ্গিপুরের পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে বলে পুলিশ জানিয়েছে। রাজ্য পুলিশের ADG দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার আজ ভবানীভবনে এক সাংবাদিক বৈঠকে বলেন, জঙ্গিপুরে গত ৯৬ ঘন্টায় নতুন করে কোন অশান্তির ঘটনা ঘটেনি। সামসেরগঞ্জে'ও জনজীবন ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে, ৭০ শতাংশ দোকানপাট'ও  খুলেছে। মুর্শিদাবাদ রেঞ্জের DIG সৈয়দ ওয়াকার রাজার নেতৃত্বে ১১ সদস্যের বিশেষ তদন্তকারী দল কাজ চালাচ্ছে বলেও ADG জানিয়েছেন।

( বাইট- ADG সুপ্রতিম )

এদিকে, সুপ্রতিমবাবু আরো জানান, এ'পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ২৭৪ জনকে। সামসেরগঞ্জে বাবা-ছেলে খুনের ঘটনায় সুতি থেকে গ্রেপ্তার করা হয়েছে ইনজামুল হক নামে একজনকে। হিংসার ঘটনায় জড়িত কাউকেই রেয়াত করা হবেনা।

অন্যদিকে, ফরেন্সিক ও CID-র ১৯ সদস্যের বিশেষ দল আজ জাফরাবাদে নিহত হরগোবিন্দ ও চন্দন দাসের বাড়িতে যায়। সেখানে ঘটনাস্থল ঘুরে দেখার পাশাপাশি তাঁরা নিহতদের পরিবার ও প্রতিবেশীদের সঙ্গেও কথা বলেন। সংগ্রহ করেন বেশ কিছু নমুনাও।

মুর্শিদাবাদের অশান্তির ঘটনা খতিয়ে দেখতে রাজ্য পুলিশের বিশেষ তদন্তকারী দল সিট গতকাল প্রথম বৈঠকে বসে। সামশেরগঞ্জ থানার ওই বৈঠকে ছিলেন সিটের প্রধান সুপ্রতিম সরকার এবং আরো ৯ জন সদস্য।

উল্লেখ্য, সংশোধিত ওয়াকফ আইনের বিরুদ্ধে আন্দোলনের জেরে গত শুক্রবার জঙ্গীপুর, সুতি সামশেরগঞ্জ, সহ বেশ কিছু এলাকায় অশান্তি ছড়িয়ে পড়ে। গোলমালে প্রাণ হারান তিনজন। ঘটনার তদন্তে গতকাল ২০ সদস্যের সিট গঠন করে রাজ্য পুলিশ।

*********************

মুর্শিদাবাদের জঙ্গীপুর পুলিশ জেলার সুতি, ও সামশেরগঞ্জ থানার দুই আইসি-কেই সরিয়ে দিল রাজ্য সরকার। সামশেরগঞ্জ থানার নতুন আই সি হলেন সুব্রত ঘষ। তিনি এর আগে পূর্ব মেদিনীপুরের ভূপতিনগর থানার সার্কেল ইন্সপেক্টর ছিলেন।

অন্যদিকে, সুতি থানার নতুন আইসি পদে এলেন সুপ্রিয় রঞ্জন মাজি। তিনি পূর্ব বর্ধমানের সদর ট্রাফিক গার্ডের ইন্সপেক্টর ছিলেন।

রাজ্য পুলিশের পক্ষ থেকে আজ এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়।

উল্লেখ্য, ওয়াকফ আন্দোলনের জেরে সুতি ও সামশেরগঞ্জে সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে আইসি পদে এই পরিবর্তন বলে মনে করা হচ্ছে।

*********************

বিজেপি, মুর্শিদাবাদের ঘটনায় কড়া পদক্ষেপ গ্রহণের আর্জি জানিয়েছে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল আজ রাজ্যপাল CV আনন্দ বোসের সঙ্গে সাক্ষাত করেন। সঙ্গে ছিলেন ওয়াকফ বিরোধী আন্দোলনে ওই জেলায় আক্রান্ত ও ঘরছাড়ারা। সুকান্তবাবু রাজ্যপালের কাছে কাছে একটি স্মারকলিপি জমা দিয়ে, উপদ্রুত এলাকায় BSF ক্যাম্প পুনরায় চালু করার দাবি জানান। তিনি অভিযোগ করেন, আগে সেখানে BSF ক্যাম্প ছিল। তবে শাসকদলের আশ্রিত দুষ্কৃতীদের অবৈধ কার্যকলাপের জন্য তা' তুলে দেওয়া হয়েছে।

এছাড়াও, মুর্শিদাবাদে যাদের ঘরবাড়ি, দোকান ভাঙচুর এবং পুড়িয়ে দেওয়া হয়েছে, তাদের পাঁচ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ ও পরিবারের একজনকে রাজ্য সরকারের স্থায়ী পদে নিয়োগ এবং দোষীদের কঠোর শাস্তির'ও দাবি জানায় বিজেপির প্রতিনিধি দল।

( বাইট- সুকান্ত )

রাজ্যপাল ঘরছাড়াদের পাশে আছেন বলে আশ্বাস দিয়ে বলেন, এবিষয়ে তিনি বিস্তারিত খোঁজ নেবেন।

( বাইট- রাজ্যপাল )

রাজ্যপাল আগামীকাল মুর্শিদাবাদ যাচ্ছেন। সাংবাদিকদের CV আনন্দ বোস বলেন, তিনি সেখানে আক্রান্তদের পাশে দাঁড়াতে যাচ্ছেন, কোনোরকম উত্তেজনা ছড়াতে নয় বলে রাজ্যপাল জানিয়েছেন।

*********************

এর আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নতুন করে উত্তেজনা ছড়াতে পারে এই আশঙ্কায় রাজ্যপালকে এখনই মুর্শিদাবাদের হিংসা কবলিত এলাকায় না যাওয়ার আবেদন

জানান। নবান্নে আজ সাংবাদিকদের মারফত মুখ্যমন্ত্রী রাজ্যপালকে কয়েকদিন অপেক্ষা করা আর্জি জানিয়ে বলেন, এই পরিস্থিতিতে তিনি নিজেও সেখানে যাচ্ছেন না। রাজ্য মানবাধিকার কমিশনকেও একই কারণে এক্ষুণি সেখানে যেতে দেওয়া হয়নি। এলাকায় যখন ধীরে ধীরে শান্তি ফিরছে, সেখানে স্থানীয় মানুষদের আস্থা ফেরানোই বেশী গুরুত্বপূর্ণ বলে মুখ্যমন্ত্রী জানান।

( বাইট- মমতা )

এদিকে, প্রবীর কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, মুর্শিদাবাদের সাম্প্রতিক গন্ডোগোলের দায় সীমান্তরক্ষী বাহিনী ও পরিযায়ী শ্রমিকদের ওপর তৃণমূল কংগ্রেস চাপিয়ে দিচ্ছে বলে অভিযোগ করেছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, দেশের সশস্ত্র বাহিনীকে অপমান করার কোনো এক্তিয়ার মুখ্যমন্ত্রীর নেই। একইসঙ্গে পরিযায়ী শ্রমিকদের নিয়ে টানাটানি বন্ধ করার'ও দাবী করেন তিনি।

( বাইট- অধীর )

অন্যদিকে CPIM অভিযোগ করেছে, বিজেপি ও তৃণমূল কংগ্রেস, রাজ্যে ভেদাভেদের রাজনীতি করছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ দার্জিলিং-এ এক সাংবাদিক সম্মেলনে বলেন, রাজ্য ও কেন্দ্র-দুই সরকারই ধর্মের নামে রাজনিতি করছে। আর এর ফল ভোগ করছেন সাধারণ মানুষ।

*********************

মুর্শিদাবাদে অশান্তির ঘটনায় দায়ের হওয়া একাধিক জনস্বার্থ মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছে কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি রাজা বসু চৌধুরীর ডিভিশন বেঞ্চ।

তবে উপদ্রুত এলাকার ঘরছাড়াদের ঘরে ফেরাতে এবং তাদের পুনর্বাসনের সুষ্ঠু ব্যাবস্থা করতে কলকাতা হাইকোর্ট তিন সদস্যের একটি কমিটি গঠনের ঈঙ্গিত দিয়েছে। এই কমিটি তে থাকবেন জাতীয় মানবাধিকার কমিশন, রাজ্য মানবাধিকার কমিশন এবং রাজ্য আইনি সহায়তা কতৃপক্ষের একজন করে সদস্য থাকবেন।এই কমিটি এলাকা পরিদর্শনের পর তাদের রিপোর্ট আগামী সোমবার আদালতকে দেবে।

*********************

মুর্শিদাবাদের উপদ্রুত এলাকায় ত্রাণ দিতে যাওয়ার জন্য অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। সপ্তাহে একদিন করে এক একটি জায়গায় তিন জনের দল ত্রাণ পৌছাতে যেতে পারবে বলে বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছেন। যারা ত্রাণ নিয়ে যাবেন সেই সদস্যদের তালিকা ২৪ ঘন্টা আগে থেকে জেলা শাসককে জানাতে হবে।

*********************

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের শোনপুর বাজারে পুলিশকে আক্রমণ এবং পুলিশের গাড়িতে অগ্নিসংযোগ এবং ভাঙচুরের ঘটনায় আজ আরো তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। এদের আজ বারুইপুর মহকুমা আদালতে তোলা হলে তাদের সাত দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

এনিয়ে শোনপুর বাজারের ওই ঘটনায় মোট ১৯ জনকে পুলিশ গ্রেপ্তার করলো।

এদিকে, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা আজ শোনপুর বাজার পরিদর্শনে যান। সঙ্গে ছিলেন জয়েন্ট CP রুপেশ কুমার'ও। ঘটনাস্থল পরিদর্শনের পর নগরপাল, উত্তর কাশিপুর থানাতে গিয়ে কথা বলেন আধিকারিকদের সঙ্গে।

উল্লেখ্য, গত সমবার ১৪'ই এপ্রিল শোনপুর বাজারের উত্তর কাশিপুর থানার পুলিশের ওপর ওই হামলার ঘটনায় ISF কর্মী সমর্থকরা জড়িত বলে অভিযোগ। ওই দলের পক্ষে অবশ্য অভিযোগ খারিজ করে দেওয়া হয়েছে।

*********************

এবারের স্পটলাইট-এর বিষয় সুপুষ্টি পক্ষ। অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গ সরকারের নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তরের অধীন সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প প্রাধিকরণের যুগ্ম অধিকর্তা দেবারতি সরকার। কথা বলেছেন কল্যাণ লাহা।

তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার তৃতীয় **তথা শেষ পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায়** সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া **প্লাটফর্মে।**

*********************

সুপ্রিম কোর্টে প্রায় ২৬ হাজার চাকরি বাতিল মামলায় সাময়িক স্বস্তি পেলেন যাঁদের বিরুদ্ধে অভিযোগ নেই সেইসব শিক্ষকরা। আপাতত ৩১শে ডিসেম্বর পর্যন্ত স্কুলে যেতে

পারবেন তাঁরা। এই সময় পর্যন্ত তাদের চাকরিতে বহাল রাখা যাবে বলে নির্দেশে জানিয়েছে শীর্ষ আদালত। মধ্যশিক্ষা পর্ষদের দায়ের করা পুনর্বিবেচনার আবেদনে আজ প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চ এই নির্দেশ দিয়েছে। তবে শীর্ষ আদালত তাদের নির্দেশে জানিয়েছে স্কুল সার্ভিস কমিশনকে ৩১ মের মধ্যে নতুন পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করে সেই সংক্রান্ত তথ্য হলফনামা দিয়ে সুপ্রিমকোর্টকে জানাতে হবে। একইসঙ্গে ৩১শে ডিসেম্বরের মধ্যে সমস্ত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে হবে।

সুপ্রীম কোর্ট, পশ্চিমবঙ্গের স্কুলগুলিতে নতুন নিয়োগ প্রক্রিয়া শুরু করার জন্য ৩১শে মে-র মধ্যে বিজ্ঞাপন প্রকাশের যে নির্দেশ দিয়েছে, তাকে স্বাগত জানিয়েছেন হেডমাস্টার্স অ্যান্ড হেডমিস্ট্রেস অ্যাসোসিয়েশনের রাজ্য সাধারণ সম্পাদক চন্দন মাইতি।

*********************

সুপ্রীম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের সমস্যার সমাধান চলতি বছরের মধ্যেই আইন মেনে করা হবে বলে রাজ্য সরকার জানিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে রাজ্য সরকারের আবেদন মেনে সুপ্রীম কোর্ট, চাকরিহারা শিক্ষক শিক্ষিকাদের আগামী ডিসেম্বর মাস পর্যন্ত কাজ চালিয়ে যাওয়ার সম্মতি দেওয়ায় সন্তোষ প্রকাশ করে বলেন আপাতত তাদের বেতন পাওয়া নিয়ে দুশ্চিন্তা কেটেছে। এই ইস্যুতে তিনি আইনজীবিদের সঙ্গে কথা বলবেন । আইনের মাধ্যমেই সমাধানের পথ খুঁজে বার করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

*********************

প্রদেশ কংগ্রেস, SSC চাকরীহারা শিক্ষকদের নিয়ে শীর্ষ আদালতের রায়অকে স্বাগত জানিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার জানিয়েছেন, যোগ্য শিক্ষকরা চাকরী ফিরে পেলে তা’ অবশ্যই স্বস্তির বিষয়। তবে যোগ্য-অযোগ্যদের ফারাক রাজ্য সরকার কিভাবে করবে, তা তাঁদের জানা নেই।

*********************

শিল্প এবং ঘরোয়া ক্ষেত্রে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা সামাল দিতে রাজ্য সরকার উৎপাদন বৃদ্ধিকে পাখির চোখ করছে। নবান্নে আজ এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী ব্যানার্জি এ কথা জানিয়ে বলেন, ২০১১ সাল থেকে এ পর্যন্ত রাজ্যে ঘরোয়া বিদ্যুতের চাহিদা অস্বাভাবিক হারে বেড়েছে। পাশাপাশি নতুন শিল্প তালুক সহ শিল্প ইউনিট তৈরি হয় ওই ক্ষেত্রে বিদ্যুতের চাহিদা বাড়ছে। সে কারণে রাজ্যে অনেকগুলি নতুন বিদ্যুৎ কেন্দ্র তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। কয়েকটি কেন্দ্রের উৎপাদন ক্ষমতা বাড়ানো হচ্ছে। এরই অঙ্গ হিসাবে শালবনীতে জিন্দল গোষ্ঠী নতুন তাপবিদ্যুৎ প্রকল্প তৈরি করছে।

আগামী সোমবার জিন্দাল গোষ্ঠীর কর্ণধার সজ্জন জিন্দালের উপস্থিতিতে ১৬ শ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন দুটি সুপার ক্রিটিকাল তাপবিদ্যুৎ ইউনিটের তিনি শিলান্যাস করবেন বলে মুখ্যমন্ত্রী জানান।

*********************

মালদার কালিয়াচ থানার বীরনগর দু নম্বর গ্রাম পঞ্চায়েতের দিলুটোলায় বোমা বিস্ফোরণে জখম হয়েছে পাঁচ শিশু, এঁদের মধ্যে দু’জনের অবস্থা আশঙ্কাজনক। তারা সিলামপুর গ্রামীণ হাসপাতালে চিকিৎসাধীন।

আজ দুপুরে এলাকার এক পরিত্যক্ত বাড়িতে খেলা করছিল পাঁচ শিশু। তাদের মধ্যে একজন বল ভেবে মাটিতে মারতেই বিস্ফোরণ ঘটে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় বিশাল পুলিশ বাহিনী। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

*********************

কলকাতা সহ রাজ্যের বেশ কিছু জেলায় আজ বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। ইতিমধ্যেই ঝড় বৃষ্টি শুরু হয়েছে, কলকাতা সংলগ্ন এলাকায়। এছাড়াও বাঁকুড়া, পূর্ব বর্ধমান, আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পং-এও বিদ্যুৎসহ ঝড় বৃষ্টির খবর মিলেছে।

আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, রবিবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত এলাকা এবং মালদা ও দিনাজপুরেও বৃষ্টি হবে।

মুর্শিদাবাদের সাগরপাড়ায় আজ দুপুরে বজ্রপাতে এক কৃষকের মৃত্যু হয়েছে। কুমারেশ ঘোষ নামে প্রবীণ ওই কৃষক সাগরপাড়ার চক চৈতন্য ঘোষপাড়ার বাসিন্দা।

*********************

কলকাতার ছেলে সৌরভ কোঠারী IBSF বিশ্ব বিলিযার্ডস খেতাব জয় করেছেন। আয়ারল্যান্ডের কার্লোতে ফাইনালে তিনি গতবারের বিজয়ী ভারতেরই পঙ্কজ আদবানিকে হারিয়ে দিয়েছেন। সৌরভ তৃতীয় ভারতীয় হিসাবে IBSF ও WBL বিশ্ব খেতাব জয় করেছেন।

***************************************************************